



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় প্রাণহানি ৪২৩, আহত ৬৭৪



ছবি: সংগৃহীত

সেপ্টেম্বরে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত ও ৬৭৪ জন আহত হয়েছেন। এর মধ্যে ১৫৪টি মোটরসাইকেল দুর্ঘটনায় প্রাণ গেছে ১৩৯ জনের, যা মোট নিহতের ৩২ দশমিক ৮৬ শতাংশ।

রোববার (৪ অক্টোবর) রোড সেফটি ফাউন্ডেশনের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। ৯টি জাতীয় দৈনিক, ১৭টি অনলাইন পোর্টাল, বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া ও নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করেছে সংস্থাটি।

প্রতিবেদন অনুযায়ী, দুর্ঘটনায় ১০৬ জন পথচারী এবং ৫৩ জন চালক ও সহকারীও নিহত হয়েছেন। এছাড়া থ্রি-হুইলার যাত্রী ৮৮ জন, বাসযাত্রী ২৬, ট্রাক-কাভার্ডভ্যান-ট্রলির আরোহী ১৯, মাইক্রোবাসসহ বিভিন্ন যানবাহনের ২১ এবং স্থানীয়ভাবে তৈরি যানবাহনের ১৮ জন নিহত হয়েছেন।

এ সময়ে ১১টি নৌ-দুর্ঘটনায় ১৬ জন নিহত, ৭ জন আহত ও ৪ জন নিখোঁজ হন। ২৩টি রেলপথ দুর্ঘটনায় প্রাণ গেছে ১৯ জনের, আহত হয়েছেন ৬ জন।

সবচেয়ে বেশি ১৩২টি সড়ক দুর্ঘটনা ঘটেছে ঢাকা বিভাগে, যেখানে নিহত হয়েছেন ১৩৪ জন। জেলা হিসেবে গাজীপুরে সর্বোচ্চ ৩৮ জন নিহত হয়েছেন। রাজধানীতে ৫২টি দুর্ঘটনায় ২১ জন নিহত ও ৪৭ জন আহত হয়েছেন।

রোড সেফটি ফাউন্ডেশন বলছে, অতিরিক্ত গতি, যানবাহনের নিয়ন্ত্রণ হারানো, চালকদের অদক্ষতা, ত্রুটিপূর্ণ যানবাহন ও সড়ক এবং ট্রাফিক আইন না মানার প্রবণতা দুর্ঘটনার বড় কারণ। দুর্ঘটনা কমাতে গতি নিয়ন্ত্রণ, চালকদের প্রশিক্ষণ, মেয়াদোত্তীর্ণ যানবাহন সরানো ও জনসচেতনতা বাড়ানোর সুপারিশ করেছে সংস্থাটি।